উপজেলা পরিষদ
জামালপুর সদর, জামালপুর।
**jamalpursadar.jamalpur.gov.bd**

অক্টোবর, ২০২৫ মাসের উপজেলা পরিষদ মাসিক সভার কার্যবিবরণী:

| | | |
|---|---|---|
| সভাপতি | : | জিন্নাত শহীদ পিংকি |
| পদবী | : | প্রশাসক, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর। |
| সভার তারিখ | : | ২২ অক্টোবর, ২০২৫খ্রি:। |
| সময় | : | সকাল: ১০.০০ ঘটিকা |
| সভার স্থান | : | উপজেলা পরিষদ সভাকক্ষ, জামালপুর সদর, জামালপুর। |

সভায় উপস্থিত/অনুপস্থিত সদস্যদের নামের তালিকা পরিশিষ্ট 'ক' তে দেখানো হলো:-

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে প্রশাসক হিসাবে উপজেলা নির্বাহী অফিসার, জামালপুর সদর গত সভার কার্যবিবরণী পাঠ করে শোনান। কোন সংশোধনী না থাকায় সভার কার্যবিবরণী সর্বসম্মতিক্রমে দৃঢ়করণ করা হয়। অতঃপর বিভাগওয়ারী আলোচনান্তে নিম্মোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

| ক্রঃ | বিভাগের নাম | আলোচনা | সিদ্ধান্ত | বাস্তবায়নকারী কর্তৃপক্ষ/সংস্থা |
|---|---|---|---|---|
| ০১. | উপজেলা স্বাস্থ্য বিভাগ | উপজেলা স্বাস্থ্য ও প: প: কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ইপিআই টিকা কার্যক্রম (শিশু ও মহিলা) চলমান রয়েছে। এছাড়া ০৯টি ইউনিয়ন উপ-স্বাস্থ্য কেন্দ্রের সেপ্টেম্বর, ২৫ মাসে আগত সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৭৮৩৯ জন। ৬৩ টি কমিউনিটি ক্লিনিকে সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ৪০,৭৭৯ জন, গর্ভকালীন (এএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১,৭৭৪ জন, প্রসব পরবর্তী (পিএনসি) সেবা গ্রহীতার রোগীর সংখ্যা ১০৭১ জন, ডায়রিয়া রোগীর সংখ্যা ৪০১ জন এবং এ আর আই রোগীর সংখ্যা ৪৮২ জন। এবং টিসিভি টিকা কার্যক্রম (১২/১০/২০২৫ হইতে ১৩/১১/২০২৫) পর্যন্ত অর্জন ৪৩,৭২৭ জন। এছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য সেবার মান নিশ্চিত করণ সহ বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা স্বাস্থ্য ও প:প: কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০২. | উপজেলা প্রাণিসম্পদ বিভাগ | উপজেলা প্রাণি সম্পদ কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, আগামী নভেম্বর/২৫ মাসের তৃতীয় সপ্তাহে "জাতীয় প্রাণিসম্পদ সপ্তাহ"২০২৫ উদযাপিত হবে। জাতীয় প্রাণিসম্পদ পদক প্রদানের উদ্দেশ্যে খামারি/প্রতিষ্ঠান মনোনয়ন কার্যক্রম চলমান রয়েছে। উত্তরাঞ্চলের ৮৬টি ও চরাঞ্চলের সুবিধাবঞ্চিত মানুষের ভাগ্য উন্নয়নে সমন্বিত প্রাণিসম্পদ প্রকল্পের আওতায় ৩১৩ জন ছাগল ও ভেড়া সুফলভোগীর মাঝে ঘর বিতরণ করা হয়েছে। এলডিডিপি প্রকল্পের আওতায় ১৯টি ডেইরি ও ৫টি হৃষ্টপুষ্ট পশুকে লাম্পি স্কিন ডিজিস টীকা বিনামূল্যে প্রয়োগ করা হয়েছে। এছাড়া অক্টোবর/২৫ মাসে উঠান বৈঠক করা হয়েছে-০৮টি, ফ্রি ভেটেরিনারি ক্যাম্প করা হয়েছে-০১টি, গবাদি প্রাণি, হাঁস মুরগী ও পোষা প্রাণীর চিকিৎসা প্রদান করা হয়েছে- ৩৫,০০০টি। ২৮০০০টি পশুপাখিকে বিভিন্ন রোগের টীকা প্রদান ও ৭৭৫টি গাভীকে কৃত্রিম প্রজনন করা হয়েছে। এছাড়া Lumpy Skin Disease নিয়ে সচেতনতামূলক প্রচার কার্যক্রম অব্যাহত রয়েছে। এছাড়া তার দপ্তরের বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপজেলা প্রাণিসম্পদ কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৩. | উপজেলা কৃষি বিভাগ | উপজেলা কৃষি কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, চলমান আমন ফসলের মাঠে বালাই ব্যবস্থাপনার কার্যক্রম চলমান আছে। আসন্ন রবি মৌসুমে শীতকালিন ফসল সরিষা,গম,মসুর,শীতকালিন পিঁয়াজ, চিনাবাদাম এর উৎপাদন বৃদ্ধির লক্ষ্যে প্রণোদনা কর্মসূচীর আওতায় ৭৫৫০ জন কৃষকের মাঝে বীজ ও সার বিতরণ করা হবে এবং উপজেলা কমিটির সহযোগীতায় তা দ্রুত বিতরণ ও বাস্তবায়নের উদ্যোগ গ্রহণ করা হবে। এছাড়া কৃষি বিভাগের অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে মাঠ পর্যায়ে কৃষকদের ফসলের বিভিন্ন সমস্যা সমাধানের পরামর্শ প্রদানের জন্য অনুরোধ করা হলো। | উপজেলা কৃষি অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ০৪. | উপজেলা মৎস্য বিভাগ | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, ০৭/১০/২০২৫খ্রি: তারিখে বামুনজি বিলে ২৯৭ কেজি কার্পজাতীয় পোনামাছ অবমুক্ত করা হয়। এছাড়া ০৪/১০/২০২৫খ্রি: থেকে ২৫/১০/২০২৫খ্রি: পর্যন্ত মা ইলিশ সংরক্ষণ অভিযান ২০২৫ উপলক্ষ্যে মাছ বাজার অভিযান পরিদর্শন, মাইকিং, ব্যানার, ফেষ্টুনের মাধ্যমে প্রচার প্রচারনা করা হয়েছে। এছাড়া রাজস্বের অন্যান্য কার্যক্রম চলমান আছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | সিনিয়র উপজেলা মৎস্য কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ০৫. | স্থানীয় সরকার ও প্রকৌশল বিভাগ | উপজেলা প্রকৌশলী সভায় আরো বলেন যে, ২০২৫-২৬ অর্থ বছরের আওতায় রাজস্ব উদ্বৃত্ত ও থোক বরাদ্দের বিপরীতে ১ম ধাপের ই-টেন্ডার প্রক্রিয়ার কাজ সম্পন্ন হয়েছে। দ্রুত সময়ের মধ্যে কাজ বাস্তবায়ন শুরু করা হবে। এছাড়া ২য় ধাপের টেন্ডার প্রক্রিয়ার জন্য প্রকল্প তালিকা চুড়ান্ত করনের কাজ চলমান রয়েছে। দ্রুত সময়ের মধ্যে টেন্ডার আহবান করা হবে। এছাড়া (ক) জামালপুর সদর উপজেলা পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম গতিশীলতা আনয়নের লক্ষ্যে জন্ম মৃত্যু নিবন্ধন শতভাগ করার সুবিধার্থে প্রয়োজনীয় সরঞ্জাম বিতরণ ও সংশ্লিষ্টদের প্রণোদনা গিফট প্রদান। (খ) তারুণ্যের উৎসব জাতীয় চ্যাম্পিয়নশীপ -২০২৫ উদযাপন উপলক্ষ্যে | বিস্তারিত আলোচনান্তে ২০২৫-২৬ অর্থ বছরের আওতায় টেন্ডার প্রক্রিয়ার কাজ সম্পন্ন করে কাজের গুণগত মান ঠিক রেখে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। এছাড়া (ক) জামালপুর সদর উপজেলা পরিষদের জন্ম ও মৃত্যু নিবন্ধন কার্যক্রম গতিশীলতা আনয়নের লক্ষ্যে জন্ম মৃত্যু নিবন্ধন শতভাগ | উপজেলা প্রকৌশলী জামালপুর সদর জামালপুর। |

| | | | | |
|---|---|---|---|---|
| | | জামালপুর সদর উপজেলার তিরুথা সত্যপীর উচ্চ বিদ্যালয়ের ফুটবল টিমকে খেলার সরঞ্জাম, বুট, জার্সি ও যাতায়াত খরচ প্রদান, জামালপুর সদর উপজেলাধীন শতবর্ষী একজন মহিলার ঘর সংস্কার ও স্যানেটারী ল্যাট্রিন বিতরন, রানাগাছা ইউনিয়নে বসবাসরত এক সাথে হওয়া তিন বাচ্চার মা হত দরিদ্র পরিবারের জন্য উপহার প্রদান এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহ প্রকল্পগুলো নেওয়ার সুপারিশ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | করার সুবিধার্থে প্রয়োজনীয় সরঞ্জাম বিতরণ ও সংশ্লিষ্টদের প্রণোদনা গিফট প্রদান। (খ) তারুণ্যের উৎসব জাতীয় চ্যাম্পিয়নশীপ - ২০২৫ উদযাপন উপলক্ষ্যে বিভাগীয় পর্যায়ে অংশগ্রহনের লক্ষ্যে জামালপুর সদর উপজেলার তিরুথা সত্যপীর উচ্চ বিদ্যালয়ের ফুটবল টিমকে খেলার সরঞ্জাম, বুট, জার্সি ও যাতায়াত খরচ প্রদান ও জামালপুর সদর উপজেলাধীন শতবর্ষী একজন মহিলার ঘর সংস্কার ও স্যানেটারী ল্যাট্রিন বিতরণ ও রানাগাছা ইউনিয়নে বসবাসরত এক সাথে হওয়া তিন বাচ্চার মা হত দরিদ্র পরিবারের জন্য উপহার প্রদান এবং বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ফ্যান সরবরাহ প্রকল্প দুইটি অনুমোদন ও প্রকল্প কমিটির মাধ্যমে বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | |
| ০৬. | উপজেলা পরিবার পরিকল্পনা বিভাগ | উপজেলা পরিবার পরিকল্পনা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, তাঁর দপ্তরের আওতায় ২১ অক্টোবর, ২০২৫ পর্যন্ত সক্ষম দম্পতির সংখ্যা ১,১২,৯৫৫ জন, স্থায়ী জন্ম নিয়ন্ত্রণ পদ্ধতি গ্রহণ করেছে (মহিলা) ০০ জন এবং পুরুষ ০০ জন, দীর্ঘ মেয়াদী পদ্ধতি (আই.ইউ.ডি) ১৪ জন, দীর্ঘমেয়াদী পদ্ধতি (ইমপ্ল্যান্ট) ১০৯ জন, নরমাল ডেলিভারী সেবা প্রদান করা হয়েছে ৮৩ জন এবং সিজারিয়ান প্রসবসেবা ০১ জন। পদ্ধতি গ্রহণকারীর হার (সি.এ.আর) ৭৫.০১%। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে স্বাস্থ্য কেন্দ্রে আগত সেবা গ্রহীতাদের সেবার মান বৃদ্ধি করতে হবে এবং জনসংখ্যার ভয়াবহতা বৃদ্ধি রোধে কার্যকরী ব্যবস্থা গ্রহণ অব্যাহত রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা পরিবার পরিকল্পনা জামালপুর সদর জামালপুর। |
| ০৭. | উপজেলা প্রকল্প বাস্তবায়ন বিভাগ | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, ২০২৫-২৬ অর্থ বছরের আওতায় সকল কাজ সুষ্ঠু ও স্বাভাবিক ভাবে চলমান রয়েছে। | সরকারি নীতিমালা মোতাবেক টিআর, কাবিখা ও কাবিটার কাজ বাস্তবায়ন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা প্রকল্প বাস্তবায়ন কর্মকর্তা জামালপুর সদর,জামালপুর। |
| ০৮. | উপজেলা মাধ্যমিক শিক্ষা বিভাগ | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, সভায় বলেন যে, অত্র দপ্তরের সকল কাজ স্বাভাবিকভাবে চলমান আছে। | শিক্ষার মান উন্নয়নে সরকারি সকল নির্দেশনা যথাযথভাবে পালন করার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার জামালপুর সদর। |
| ০৯. | উপজেলা প্রাথমিক শিক্ষা বিভাগ | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ২০২৬ শিক্ষাবর্ষের জন্য প্রাক-প্রাথমিক শ্রেণি, ১ম শ্রেণি ও ২য় শ্রেণির পাঠ্যপুস্তক পাওয়া গেছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা প্রাথমিক শিক্ষা অফিসার জামালপুর সদর জামালপুর। |
| ১০. | উপজেলা মহিলা বিষয়ক কার্যালয় | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা মহিলা বিষয়ক কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১১. | উপজেলা সমাজসেবা বিভাগ | উপজেলা সমাজ সেবা কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় বলেন যে, ২৫-২৬ অর্থ বছরের আওতায় বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধী, হিজড়া, অনগ্রসর ভাতা ও প্রতিবন্ধি শিক্ষা উপবৃত্তি, অনগ্রসর শিক্ষা উপবৃত্তি প্রাপ্ত ৫৭,২৫৬ জনকে ২য় কিস্তির তিন মাসের পে-রোল প্রেরণ করা হয়েছে। পে-রোল প্রেরণের পরবর্তীতে অসাধু হ্যাকারদের প্রতারণার প্রবণতা বৃদ্ধি পায়। তাই সবাইকে ভাতাভোগীদের পিন নম্বর সর্তক রাখার জন্য অনুরোধ করা হয়। মৃত ভাতাভোগীদের দ্রুত সময়ের মধ্যে প্রতিস্থাপনের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের বিষয়ে ইউনিয়ন কমিটির প্রতিনিধিদের বিশেষভাবে নির্দেশনা প্রদান করেন। এবং সকল ভাতা ভোগীর লাইভ ভেরিফিকেশনের জন্য উপজেলা ও ইউনিয়ন কমিটির সকল সদস্য গণের প্রতি সার্বিক সহযোগিতা আহবান করা হয়। এছাড়া বয়স্ক, বিধবা ও প্রতিবন্ধীদের নতুন করে অনলাইনে আবেদন চলমান রয়েছে। যারা এখনো ভাতার আওতায় আসেনি তাদেরকে দ্রুত আবেদন করার জন্য অনুরোধ করেন। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয় এবং পিন নাম্বার সম্পর্কে উপকার ভোগীদের সচেতনতা বৃদ্ধি ও লাইভ ভেরিফিকেশনে সার্বিক সহযোগিতা করার জন্য ইউপি চেয়ারম্যানগণকে অনুরোধ করা হয় । | ১। উপজেলা সমাজসেবা কর্মকর্তা, জামালপুর সদর ২।চেয়ারম্যান........(সকল) ইউপি, জামালপুর সদর। |
| ১২. | উপজেলা আইসিটি বিভাগ | উপজেলা আইসিটি কর্মকর্তা সভায় বলেন যে, বিভিন্ন দপ্তরের কর্মকর্তা কর্মচারীর বদলী এবং যোগদানের বিষয়টি নিয়মিত হলেও সংশ্লিষ্ট দপ্তর গুলোর ওয়েব পোর্টালে তথ্য হালনাগাদ করা হচ্ছে না। এ বিষয়ে সংশ্লষ্ট দপ্তরগুলোকে দ্রুত পোর্টালের তথ্য হালনাগাদ করার জন্য প্রয়োজনীয় পদক্ষেপ গ্রহণের জন্য অনুরোধ জানানো হয়েছে এছাড়া তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর কর্তৃক বাস্তবায়নাধীন ডিজিটাল সংযোগ স্থাপন (ইডিসি) প্রকল্প এর মাধ্যমে জামালপুর সদর উপজেলার বিভিন্ন প্রতিষ্ঠানে ৪৭০টি ইন্টারনেট সংযোগ স্থাপনের কাজ চলমান। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলমান রয়েছে। | সরকারি নির্দেশনা মোতাবেক সকল কার্যক্রম চলমান রাখার সিদ্ধান্ত গৃহিত হয়। | উপজেলা আইসিটি কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৩. | জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর | উপ-সহকারী প্রকৌশলী, জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, ২০২৪-২৫ অর্থ বছরের আওতায় "সমগ্র দেশে নিরাপদ পানি সরবরাহ" প্রকল্পের আওতায় ১৮০টি সাবমার্সিবল পাম্পযুক্ত | বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল। | উপ-সহকারী প্রকৌশলী জনস্বাস্থ্য প্রকৌশল অধিদপ্তর জামালপুর সদর |

| | | | | |
|---|---|---|---|---|
| | | গভীর নলকূপের বরাদ্দ পাওয়া গিয়েছিল তন্মেধ্যে ১৪৫টি বোরিং সম্পন্ন হয়েছে এবং বাকীগুলোর কাজ চলমান আছে। ২য় ধাপে ১৫৮টি সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলুকূপের বরাদ্দ পাওয়া গিয়াছিল এবং কাজ চলমান রয়েছে। ১০টি বাড়ীতে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ১৮টির মধ্যে ০৯টির কাজ সম্পন্ন হয়েছে এবং ০১টি কাজ চলমান রয়েছে। পিইডিপি-৪ এর আওতায় সরকারি প্রাথমিক বিদ্যালয়ে ওয়াশব্লক ১০৮টি বরাদ্দ পাওয়া গিয়াছে যার মধ্যে ৬৯টির কাজ সম্পন্ন হয়েছে বাকী গুলোর কাজ চলমান রয়েছে। এছাড়া মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি শীর্ষক প্রকল্প এর আওতায় ৪০ বাড়ীতে সাবমার্সিবল পাম্পযুক্ত গভীর নলকূপ ৩১টি বরাদ্দ পাওয়া গিয়াছে। কাজ চলমান রয়েছে। এছাড়া মানব সম্পদ উন্নয়নে গ্রামীণ পানি সরবরাহ স্যানিটেশন এবং স্বাস্থ্যবিধি শীর্ষক প্রকল্প এর আওতায় ১ লক্ষ লিটার ধারণ ক্ষমতা সম্পন্ন ওভার হেড ট্যাংকি দিগপাইত ইউনিয়নের মেঘা গ্রামে কাজ চলমান আছে। এছাড়া বিভাগীয় অন্যান্য কার্যক্রম স্বাভাবিকভাবে চলছে। | | জামালপুর। |
| ১৪. | বিএডিসি (সেচ) | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর সভায় বলেন যে, তার দপ্তরের আওতায় সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | সহকারী প্রকৌশলী (সওকা) বিএডিসি, জামালপুর জোন জামালপুর ও সদস্য-সচিব উপজেলা সেচ কমিটি সদর, জামালপুর। |
| ১৫. | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি | সহ: জেনারেল ম্যানেজার, পল্লী বিদ্যুৎ, জামালপুর সভায় বলেন যে, তার দপ্তরের আওতায় সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলমান রয়েছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে সরকারি নির্দেশনা ও নিয়ম মোতাবেক নতুন বিদ্যুৎ সংযোগ স্থাপন ও বকেয়া বিদ্যুৎ বিল উত্তোলন করার জন্য সিদ্ধান্ত গৃহিত হয়। | এজিএম পল্লী বিদ্যুৎ সমিতি জামালপুর। |
| ১৬. | উপজেলা যুব উন্নয়ন বিভাগ | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৭. | উপজেলা খাদ্য বিভাগ | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক, জামালপুর সদর সভায় বলেন যে, আসন্ন আমন সংগ্রহ/২০২৫-২৬ মৌসুম আগামী নভেম্বর মাসের মাঝামাঝি সময়ে শুরু হবে। মিলসমূহ পরিদর্শন করে সচল অচল যাচাই করা হচ্ছে। ২৩/১০/২০২৫খ্রি: তারিখের মধ্যে উর্দ্ধতন কর্তৃপক্ষ বরাবর পাক্ষিক রিপোর্ট প্রেরণ করা হবে। এছাড়া জামালপুর জেলা সদরে ১০জন ওএমএস ডিলারের মাধ্যমে দৈনিক ১০মে.টন করে চাল ও দৈনিক ১ মে.টন করে আটা বিক্রয় কার্যক্রম চলমান আছে। এবং খাদ্যবান্ধব কর্মসূচিতে উপকারভোগীদের তালিকায় মৃত ,স্বচ্ছল ও অবস্থান ত্যাগ ভোক্তাদের তথ্য হালনাগাদের নিমিত্ত সকল ইউনিয়ন পরিষদে পত্র প্রেরণ করা হয়েছে এবং মোবাইলে তাগিদ অব্যাহ আছে। শুধুমাত্র ১০নং শ্রীপুর ইউনিয়ন থেকে মৃত ৮১জন ভোক্তার তালিকা পাওয়া গেছে ও নতুন ভোক্তাদের কার্ডও বিতরণ সম্পন্ন হয়েছে। অদ্য অক্টোবর/২৫ মাসে ৩১,৮৬৭ জন ভোক্তার মোট উত্তোলন ৯৫৬.০১০মে.টন চাল ও ৯.৫৬ মে.টন কার্নেল এর ডিও ইস্যু করা হয়েছে। এছাড়া গত ১৬/১০/২০২৫খ্রি: তারিখে অক্টোবর/২০২৫ মাসের টিসিবি খাতে চালের সমুদয় চালান জমা দেওয়া হয়েছে। ইতোমধ্যে সকল ডিলার খাদ্য গুদাম হতে চাল উত্তোলন করেছেন। ভিওব্লিউবি কর্মসূচীর আওতায় অক্টোবর/২০২৫ মাসে ভিডব্লিউবি খাতে ৭২.৯৯০ মে.টন চাল ও ০.৭৩০ মে.টন কার্নেল এর বরাদ্দ পাওয়া গেছে। সে মোতাবেক পুষ্টিচাল মিশ্রণ মিলারকে ডিও প্রদান করা হয়েছে। এছাড়া উপজেলায় বিভিন্ন হাট বাজারে বাজার মূল্য মনিটরিং, মজুত বিরোধী অভিযান, মিল পরিদর্শন ও প্রশাসনের সহায়তায় ভ্রম্যমান মোবাইল কোর্ট পরিচালনা করে জরিমানা আদায় কার্যক্রম অব্যাহত আছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা খাদ্য নিয়ন্ত্রক জামালপুর সদর জামালপুর। |
| ১৮. | উপজেলা সমবায় বিভাগ | উপজেলা সমবায় কর্মকর্তা সভায় বলেন যে, তার দপ্তরের কাজ সঠিক ও সুন্দর ভাবে চলমান রয়েছে। | বিভাগীয় কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা সমবায় কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ১৯. | উপজেলা পল্লী উন্নয়ন বিভাগ | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর, জামালপুর সভায় জানান, অক্টোবর/২৫ মাসে ঋণ বিতরণ করা হয়েছে ৪.৩১ লক্ষ টাকা এবং আদায় হয়েছে ৫.৮০ লক্ষ টাকা। ক্রমপুঞ্জিত ঋণ বিতরণ ১৩০০.৫৪ লক্ষ টাকা এবং ক্রমপুঞ্জিত ঋণ আদায় ১২০০.০০ লক্ষ টাকা। তাছাড়া বিভাগীয় কার্যক্রম স্বাভাবিক ভাবে চলছে। | সভায় বিস্তারিত আলোচনান্তে ঋণ বিতরণ ও আদায় বিষয়ে তৎপর থাকা সহ বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২০. | উপজেলা আনসার ও ভিডিপি | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দর ভাবে চলছে। | সরকারি নির্দেশনা মোতাবেক বিভাগীয় সকল কার্যক্রম যথাযথ ভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হলো। | উপজেলা আনসার ও ভিডিপি কর্মকর্তা জামালপুর সদর জামালপুর। |
| ২১. | উপজেলা বন বিভাগ | উপজেলা বন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি। | সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো। | ফরেস্টার জামালপুর সদর জামালপুর। |
| ২২. | উপজেলা পরিচালন ও উন্নয়ন প্রকল্প (ইউজিডিপি) | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ), জামালপুর সদর সভায় জানান, ইউজিডিপির আওতায় বাস্তবায়িত সকল অবকাঠামো উন্নয়ন প্রকল্পের পরিদর্শন কাজ চলমান আছে। স্থানীয় সরকার বিভাগ কর্তৃক নির্দেশনা মোতাবেক উপজেলা পরিষদের ওয়েব পোর্টাল নিয়মিত হালানাগাদ করার জন্য | সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদের ওয়েব পোর্টালটি নিয়মিত হালনাগাদ করার জন্য সংশ্লিষ্ট সকলকে তথ্য | উপজেলা ডেভেলপমেন্ট ফ্যাসিলিটেটর (ইউডিএফ) জামালপুর সদর জামালপুর। |

<table>
<tr><th></th><th></th><th></th><th></th><th></th></tr>
<tr><td></td><td></td><td>প্রয়োজনীয় ডকুমেন্টস আপলোড এবং শাহবাজপুর ইউনিয়নের জন্য নিবন্ধক হিসেবে দায়িত্ব পালন চলমান রয়েছে। তাছাড়া পঞ্চবার্ষিক পরিকল্পনা তৈরির জন্য তথ্য সংগ্রহের কাজ বিদ্যমান রয়েছে।</td><td>দিয়ে সহযোগিতা করার সিদ্ধান্ত গৃহিত হয়।</td><td></td></tr>
<tr><td>২৩.</td><td>উপজেলা পরিসংখ্যান বিভাগ।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা, জামালপুর সদর, সভায় বলেন যে, তার দপ্তরের কার্যক্রম সঠিকভাবে পরিচালিত হচ্ছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।</td><td>উপজেলা পরিসংখ্যান কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৪.</td><td>পল্লী সঞ্চয় ব্যাংক</td><td>শাখা ব্যবস্থাপক, পল্লী সঞ্চয় ব্যাংক, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি।</td><td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>শাখা ব্যবস্থাপক<br>পল্লী সঞ্চয় ব্যাংক<br>জামালপুর সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৫.</td><td>উপজেলা (পিডিবিএফ) বিভাগ।</td><td>উপজেলা পল্লী দারিদ্র বিমোচন ফাউন্ডেশন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি।</td><td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা দারিদ্র বিমোচন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৬.</td><td>উপজেলা পাট উন্নয়ন বিভাগ</td><td>উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা, জামালপুর সদর সভায় অনুপস্থিত। এছাড়া কোন প্রতিনিধিও প্রেরণ করেননি।</td><td>সভায় নিয়মিত উপস্থিত থাকার জন্য অনুরোধ করা হলো।</td><td>উপজেলা পাট উন্নয়ন কর্মকর্তা<br>জামালপুর সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৭.</td><td>তথ্য আপা</td><td>উপজেলা তথ্য আপা, জামালপুর সদর সভায় বলেন যে, তার দপ্তরের সকল কাজ সুষ্ঠু ও সুন্দরভাবে চলছে।</td><td>বিভাগীয় কার্যক্রম যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য অনুরোধ করা হল।</td><td>তথ্য আপা<br>জামালপুর সদর<br>জামালপুর।</td></tr>
<tr><td>২৮.</td><td>বিবিধ</td><td><u>উপজেলা পরিষদের রাজস্ব আয় ও ব্যয়ের অনুমোদন:</u><br>সভায় গত ১৭ সেপ্টেম্বর, ২০২৫ খ্রি: তারিখ হতে ২১ অক্টোবর, ২০২৫ খ্রি: তারিখ পর্যন্ত উপজেলা পরিষদের নিম্নবর্ণিত খাতসমূহ হতে বিভিন্ন খরচের ব্যয়ের বিষয়ে আলোচনা করা হয়েছে এবং উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করার জন্য প্রস্তাব পেশ করেন। নিম্নে ব্যয়ের খাত ও টাকার পরিমান সভায় উপস্থাপন করা হলো:-
<table>
<tr><th>ব্যয়ের খাত</th><th>টাকা</th></tr>
<tr><td>আনসারের বেতন</td><td>৮,৩৩৩</td></tr>
<tr><td>আপ্যায়ন ও অফিস স্টেশনারী</td><td>৪২,৯৮০</td></tr>
<tr><td>মালি ও পরিচ্ছন্নতাকর্মীর মজুরী প্রদান</td><td>৩০,৮০০</td></tr>
<tr><td>বিদ্যুৎ বিল পরিশোধ</td><td>১০,০০০</td></tr>
<tr><td>মসক নিধন কার্যক্রম</td><td>২১,২৫০</td></tr>
<tr><td>প্রকাশনা খাতে খরচ</td><td>২১,০৮০</td></tr>
<tr><td>অপ্রত্যাশিত খাত থেকে সাহায্য প্রদান</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>অফিস সরঞ্জাম ক্রয় ও মেরামত</td><td>৫০,৬৭৫</td></tr>
<tr><td>অফিস ও বাসাবাড়ী মেরামত</td><td>১,৩০,৮৩৭</td></tr>
<tr><td>আসবাবপত্র ক্রয় ও মেরামত</td><td>৫০,০০০</td></tr>
<tr><td>সর্বমোট</td><td><u>৪,১৫,৯৫৫</u></td></tr>
</table>
কথায় : (চার লক্ষ পনের হাজার নয়শত পঞ্চান্ন) টাকা মাত্র।<br>এমতাবস্থায়, উল্লিখিত বিবরণ মোতাবেক বিভিন্ন খরচ উপজেলা পরিষদ মাসিক সভায় অনুমোদন করা যেতে পারে।</td><td>সভায় বিস্তারিত আলোচনান্তে উপজেলা পরিষদ রাজস্ব তহবিল ব্যবহার নির্দেশিকা ২০২০ এর খাত ওয়ারী বিভিন্ন অনুচ্ছেদ যথাযথভাবে অনুসরণ পুর্বক ৪,১৫,৯৫৫ (চার লক্ষ পনের হাজার নয়শত পঞ্চান্ন) টাকা ব্যয় পরিশোধের জন্য সভায় সর্বসম্মতিক্রমে সিদ্ধান্ত গৃহিত হলো।</td><td>প্রশাসক<br>ও<br>উপজেলা নির্বাহী অফিসার<br>সদর, জামালপুর।</td></tr>
</table>

অত:পর সভায় যে সকল আলোচনা ও সিদ্ধান্ত গ্রহণ করা হয়েছে তা যথাযথভাবে বাস্তবায়ন করার জন্য উপস্থিত সদস্যগণকে অনুরোধ জানিয়ে এবং সকলের প্রতি ধন্যবাদ জ্ঞাপন করে সভাপতি সভা সমাপ্ত ঘোষণা করেন।

(জিন্নাত শহীদ পিংকি)
উপজেলা নির্বাহী অফিসার
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
মোবাইল নম্বর ০১৭০৯-৯৭০০৫০
E-mail: unojamalpur@mopa.gov.bd

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-১৪০২ তারিখ: ২৩ অক্টোবর,২০২৫ খ্রি:

<u>কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো:-</u>

১। উপজেলা.......................................................................অফিসার, জামালপুর সদর, জামালপুর।
২। চেয়ারম্যান/প্যানেল চেয়ারম্যান/প্রশাসক......................................ইউনিয়ন পরিষদ (সকল), জামালপুর সদর, জামালপুর।

৩। জনাব..............................................................................সদস্য, উপজেলা পরিষদ, জামালপুর সদর, জামালপুর।
৪। জনাব ....................................................................................................................................

উপজেলা নির্বাহী অফিসার
জামালপুর সদর, জামালপুর
ও
প্রশাসক
উপজেলা পরিষদ, জামালপুর সদর
জামালপুর।

স্মারকনং-০৫.৪৫.৩৯৩৬.০০২.০৬.০০১.২৫-২৪০২

তারিখঃ ২৩ অক্টোবর,২০২৫ খ্রিঃ

সদয় জ্ঞাতার্থে/কার্যার্থে অনুলিপি প্রেরণ করা হলো ঃ

১। সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। বিভাগীয় কমিশনার, ময়মনসিংহ।
৩। জেলা প্রশাসক, জামালপুর।
৪। উপ-পরিচালক, স্থানীয় সরকার, জামালপুর।
৫। মেয়র/প্রশাসক, জামালপুর পৌরসভা, জামালপুর।
৬। অফিস কপি।